

জাতীয় বিশ্ববিদ্যালয়

কম্পিউটার শাখায় নতুন
তালিকা তদন্ত কমিটি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ও আইসিটি শাখার কর্তৃপক্ষের লাগানো তালিকা খুলে নতুন তালিকা মুদ্রিত করে। গত বৃহস্পতিবার এ ঘটনা ঘটে। এ ঘটনা তদন্তের জন্য গতকাল তরুবার পাঁচ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। একই দিন কর্তৃপক্ষ এ ব্যাপারে জয়দেবপুর থানায় লিখিত অভিযোগ দিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জানান, গত বৃহস্পতিবার বিকেলে কর্তৃপক্ষ কম্পিউটার ও আইসিটি শাখার কক্ষের দরজায় তালিকা আটকে নিলগালা করে দেয়। পরদিন কর্তৃপক্ষ দেখতে পায়, ওই তালিকার বদলে কক্ষের দরজায় নতুন একটি তালিকা তুলে দেয়। কে বা কারা এ কাজটি করেছে, তা এখনো জানা যায়নি। এই শাখায় অনার্স পার্ট-২-এর ফলাফল তৈরির কাজ চলছিল। এ ফলাফল বদলে ফেল করা শিক্ষার্থীদের পাস করিয়ে দিতে ওই শাখার কোনো কর্মকর্তা বা কর্মচারী এ কাজটি করেছেন বলে ধারণা করা

হচ্ছে। ওই শাখার পরিচালক মুহিবুল ইসলাম তালিকা বদলে দেওয়ার সত্যতা নিশ্চিত করেছেন। তবে তিনি এ ব্যাপারে বিস্তারিত কিছু বলতে চাননি। পরীক্ষা নিয়ন্ত্রক মো. বদরুজ্জামান কম্পিউটার ও আইসিটি শাখায় ফলাফল তৈরির কাজ চলার সত্যতা নিশ্চিত করেছেন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোল্লা মাহফুজুজ্জামান, ঘটনা তদন্তে গতকাল বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য মোনাজ্জ আহমেদ নুরকে প্রধান করে পাঁচ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। ওই রাতে দায়িত্বরত আনসার সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা আনসার কমান্ডার বরাবর চিঠি দেওয়া হয়েছে।

উপাচার্য হারুন-অর-রশিদ জানান, তদন্ত কমিটিকে ১০ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। নিরাপত্তার স্বার্থে ক্যাম্পাসে আরও নিরাপত্তাকর্মী নিয়োগ ও উর্ধ্বতন কর্মকর্তাদের থাকার ব্যবস্থা করা হবে।

জয়দেবপুর থানার এসআই মাহফুজুর রহমান জানান, এ ঘটনায় কর্তৃপক্ষ লিখিত অভিযোগ দিয়েছে।